West Bengal State University

B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2013

SWAMI VIVEKANANDA VIDYABHAVAN LIBRARY

PART – II

বাংলা — সাম্মানিক

তৃতীয় পত্র

Duration : 4 Hours | Full Marks : 100

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

১। উদাহরণ সহযোগে দলবৃত্ত (স্বরবৃত্ত বা শ্বাসাঘাত প্রধান) ছন্দের প্রকৃতি এবং বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন। ১২

অথবা

যে-কোনো দুটি বিষয়ে টীকা লিখুন : ২ × ৬ = ১২

দল, সনেট, চরণ, গদ্যছন্দ।

২। যে-কোনো দুটি অংশের ছন্দোলিপি রচনা করুন : ২ × ৪ = ৮

ক) বৃদ্ধা পৌষ শীত-জর্জর, শিরে কুহেলির জটা,
মিটমিট্ করি, মেলিয়া আকাশে ঝাপসা দৃষ্টি কটা;
প্রভাতে-প্রদোষে লতা-পাতা-ঘাসে শিশিরের জাল বোনে
কভু উদাসীন রোদে পিঠ দিয়া বসি, রয় আনমনে।

খ) কণ্টকগাড়ি কমলসম পদতল
মঞ্জীর চীরহি ঝাঁপি।
গাগরি বারি ঢারি করি পীছল
চলতহি অঙ্গুলি চাপি।

গ) রজনীর অন্ধকার
উজ্জয়িনী করি দিল লুপ্ত একাকার।
দীপ দ্বারপাশে
কখন নিভিয়া গেল দুরন্ত বাতাসে।

ঘ) দুই পাশে দুই অন্ধকার মধ্যিখানে চড়া
মধ্যে পাতা একটি হাত হাতে বসুন্ধরা।
হাতের উপর লক্ষ রেখা, রেখায় ছোটে জল
জলে ভাসছে গাছের পাতা, পাতায় উঠি চল।

৩। উপমা অলঙ্কার কাকে বলে ? উদাহরণসহযোগে উপমা অলঙ্কারের বিভিন্ন বিভাগগুলি আলোচনা করুন। ১২

অথবা

যে-কোনো দুটি অলঙ্কার উদাহরণসহ ব্যাখ্যা করুন : ২ × ৬ = ১২

পরম্পরিত রূপক, অপহ্নুতি, বিরোধ, শ্লেষ।

৪। যে কোনো দুটি উদ্ধৃতির অলঙ্কার নির্ণয় করুন : ২ × ৪ = ৮

ক) লুটায় মেখলাখানি ত্যজি কটিদেশ
মৌন অপমানে।

খ) এনেছে তোমার স্বামী বাঁন্ধি নিজগুণে।

গ) এ পুরীর পথমাঝে যত আছে শিলা
কঠিন শ্যামার মতো কেহ নাহি আর।

ঘ) দেখেছিলাম ময়না পাড়ার মাঠে
কালো মেয়ের কালো হরিণ চোখ।

ঙ) মাথার উপরে জ্বলিছেন রবি, রয়েছে সোনার শত ছেলে।

৫। 'অভিসার' বলতে কী বোঝায় ? বৈষ্ণব পদাবলীতে 'অভিসার' পর্যায়ের তত্ত্বগত তাৎপর্য বুঝিয়ে দিন। এই পর্যায়ের পদের শ্রেষ্ঠ পদকর্তা কে ? তাঁর যে-কোনো দুটি অভিসারের পদে যে কাব্যসৌন্দর্য ফুটে উঠেছে তার পরিচয় দিন।

২ + ৩ + ১ + ৯ = ১৫

অথবা

"শান্ত-দাস্য-সখ্য-বাৎসল্য পেরিয়ে মধুর রসে অবগাহনই বৈষ্ণব পদাবলীর মুখ্য উদ্দেশ্য।" — এই মন্তব্যের পক্ষে আপনার যুক্তি দিন। ১৫

৬। "আগমনী ও বিজয়ার পদগুলিতে ভক্তিভাব ছাপিয়ে বড় হয়ে উঠেছে মান-অভিমান ও হাসি-কান্নায় ভরা গার্হস্থ্যের মর্মস্পর্শী রূপ।" — আলোচনা করুন। ১৫

অথবা

"রামপ্রসাদ সেনের 'ভক্তের আকুতি' পর্যায়ের পদে ঘটেছে সমসাময়িক জীবনসংগ্রামের প্রত্যক্ষ প্রতিফলন।" — পাঠ্য পদ অবলম্বনে মন্তব্যটি বিচার করুন। ১৫

৭। "দুঃখ-দারিদ্র্যের চিত্র অঙ্কনে কবি মুকুন্দ চক্রবর্তী অসাধারণ দক্ষতা সত্ত্বেও দুঃখবাদ নয়, জীবনরসের উপভোগই তাঁর স্বভাব ধর্ম।" — পঠিত অংশ অবলম্বনে মন্তব্যটি বিচার করুন। ১৫

অথবা

'গ্রন্থোৎপত্তির কারণ' অংশে সেকালের সমাজ-বাস্তবতার যে পরিচয় পাওয়া যায় তা আপনার নিজের ভাষায় লিখুন।

৮। আধ জনম হাম নিন্দে গোঙায়লুঁ

জরা শিশু কতদিন গেলা।

— কোন্ পর্যায়ের পদ ? পদকর্তা কে ? তাঁর আক্ষেপের কারণ কী ? ১ + ১ + ৩ = ৫

অথবা

হিয়ার পরশ লাগি হিয়া মোর কান্দে

পরাণ পিরীতি লাগি থির নাহি বান্ধে।

— পদটির রচয়িতা কে ? কোন্ পর্যায়ের পদ ? উদ্ধৃত অংশটির তাৎপর্য ব্যাখ্যা করুন। ১ + ১ + ৩ = ৫

৯। খলের প্রধান যত কে আছে তোমার মত —

আপনি হইয়ে হত, বধ রে পরেরি প্রাণ।

— কে, কার উদ্দেশ্যে মন্তব্যটি করেছে ? 'খলের প্রধান' অভিধাটির তাৎপর্য বিশ্লেষণ করুন। ১ + ১ + ৩ = ৫

অথবা

বিষের কৃমি বিষে থাকি মা, বিষ খেয়ে প্রাণ রাখি সদাই।

আমি এমন বিষের কৃমি মাগো, বিষের বোঝা নিয়ে বেড়াই।

— পদকর্তা ও পর্যায়ের নাম উল্লেখ করে উদ্ধৃত অংশের তাৎপর্য ব্যাখ্যা করুন। ১ + ১ + ৩ = ৫

১০। উইচারা খাই আমি নামেতে ভালুক

নেউগী চৌধুরী নই না করি তালুক।

— কার উদ্দেশ্যে, কে একথা বলেছে ? উদ্ধৃতাংশের তাৎপর্য ব্যাখ্যা করুন। ১ + ১ + ৩ = ৫

অথবা

দুঃখ কর অবধান দুঃখ কর অবধান।

আমানি খাবার গর্ত দেখ বিদ্যমান।।

— বক্তা কে ? কার সম্পর্কে তার এই অভিযোগ ? প্রসঙ্গটি ব্যাখ্যা করুন। ১ + ১ + ৩ = ৫

West Bengal State University
B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2013

VIVEKANANDA LIBRARY

PART – II
বাংলা — সাম্মানিক
চতুর্থ পত্র

Duration : 4 Hours | Full Marks : 100

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

১। 'একাঙ্ক' নাটক বলতে কি বোঝায় ? একাঙ্ক নাটকের বৈশিষ্ট্য আলোচনা করুন। বাংলা সাহিত্যের যে-কোনো একটি উল্লেখযোগ্য একাঙ্ক নাটকের পরিচয় দিন। ৪ + ৬ + ১০

অথবা

যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করুন। : ১০ + ১০

ক) কমেডি

খ) পৌরাণিক নাটক

গ) অ্যাবসার্ড নাটক

ঘ) প্রহসন।

২। ন্যাশানাল থিয়েটারের সূত্রপাত কীভাবে হয় ? এই থিয়েটারের প্রথম পর্বের অভিনয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করুন। বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে এই থিয়েটারের গুরুত্ব নিরূপণ করুন। ৪ + ১০ + ৬

অথবা

যে-কোনো দুটি বিষয়ে আলোচনা করুন : ১০ + ১০

ক) বাগবাজার অ্যামেচার থিয়েটার

খ) নাট্য নিয়ন্ত্রণ বিল

গ) বেঙ্গলী থিয়েটার

ঘ) বেলগাছিয়া নাট্যশালা।

৩। "সমাজের সকল শ্রেণীর নারী চরিত্র অঙ্কনেই মধুসূদন ছিলেন সমানভাবে দক্ষ এবং অকপট।" 'একেই কি বলে সভ্যতা ?' প্রসহনটির স্ত্রী-চরিত্র আলোচনা প্রসঙ্গে মন্তব্যটির যথার্থতা নিরূপণ করুন। ১০

অথবা

'একেই কি বলে সভ্যতা ?' — এই নামকরণের অন্তরালে রয়েছে প্রহসনকারের তীব্র সমাজ সচেতনতা বোধ। প্রহসনটির নামকরণের সার্থকতা আলোচনা প্রসঙ্গে এই মন্তব্যের যথার্থতা বিচার করুন।

৪। "প্রহসনকার মধুসূদন দত্তের তীব্র সমাজ সচেতনতা বোধের এক অমলিন দৃপ্ত অভিব্যক্তি তাঁর 'বুড় সালিকের ঘাড়ে রোঁ'।" — আলোচনা করুন। ১০

অথবা

" 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনটিতে হাস্যরস ও শ্লেষের অপূর্ব রসায়ন প্রহসনকারের দক্ষতার পরিচায়ক।" বিষয়বস্তু বিশ্লেষণ করে সমালোচকের এই বক্তব্যটি কতদূর গ্রহণযোগ্য তা বিচার করুন।

৫। ধনঞ্জয় চরিত্রটির নাট্যগুরুত্ব এবং চরিত্র সৃষ্টিতে নাট্যকারের কৃতিত্বের পরিচয় দিন। ১৫

অথবা

মুক্তধারা নাটকে সঙ্গীত প্রয়োগের নাট্যোপযোগিতা বিচার করুন।

৬। 'টিনের তলোয়ার' নাটকে ময়না চরিত্রটি নিয়ে একটি বিশ্লেষণাত্মক আলোচনা করুন। ১৫

অথবা

'টিনের তলোয়ার' নাটকের প্রতিপাদ্য বিষয়ের সঙ্গে এর নামকরণ কতদূর সঙ্গতিপূর্ণ হয়েছে তা বিচার করুন।

৭। "ওদের যতই মাতিয়ে তুলেছি ততই পাকিয়ে তোলা হয় নি আর কি।" — উক্তিটি কার ? কোন্ প্রসঙ্গে এই উক্তি ? উক্তিটির অর্থ বুঝিয়ে দিন। ১ + ১ + ৩

অথবা

"জলের বেগে আমার বাঁধ ভাঙে না, কান্নার জোরে আমার মন্ত্র টলে না।" — উক্তিটি কে, কোন্ প্রসঙ্গে করেছেন ? উক্তিটির তাৎপর্য সংক্ষেপে ব্যাখ্যা করুন। ১ + ১ + ৩

৮। "... আজকাল কত অভাগা স্ত্রী আমার মতন এইরূপ যন্ত্রণা ভোগ করে তার সীমা নাই।"— বক্তা কে ? কোন্ প্রসঙ্গে এই উক্তি ? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করুন। ১ + ১ + ৩

অথবা

"কিন্তু আমরা বিদ্যাবলে সুপরস্টিসনের শিকলি কেটে ফ্রী হয়েছি।" — উক্তিটি কার ? কোন্ প্রসঙ্গে এই উক্তি ? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করুন। ১ + ১ + ৩